

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৮৯৫  
জিরানীয়া, ২৯ নভেম্বর, ২০২৩

### বিকশিত ভারত সংকল্প যাত্রা

#### পুরাতন আগরতলা ব্লকে দু'দিনব্যাপী শিবিরের উদ্বোধন

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে আজ পুরাতন আগরতলা ব্লক প্রাঙ্গণে দু'দিনব্যাপী বিকাশ শিবিরের উদ্বোধন হয়েছে। বিধায়ক রতন চক্রবর্তী এই শিবিরের উদ্বোধন করেন। শিবিরের উদ্বোধন করে তিনি বলেন, কেন্দ্র ও রাজ্য সরকারের প্রধান উদ্দেশ্য হচ্ছে গরীব অংশের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন। এই উদ্দেশ্যেই বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানের সূচনা হয়েছে। এই দুই কর্মসূচির উদ্দেশ্য হচ্ছে সরকারি প্রকল্প ও পরিষেবার সুবিধা মানুষের কাছে পৌঁছে দেওয়া। তিনি বলেন, গরীব মানুষ উপকৃত হলে আমাদের দেশ ও রাজ্য বিকশিত হবে।

শিবিরে উপস্থিত ছিলেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ শীল ও ভাইস চেয়ারম্যান মন্টি দেবনাথ। স্বাগত বক্তব্য রাখেন পুরাতন আগরতলা ব্লকের বিডিও শান্তনু দত্ত। শিবিরে জনসাধারণকে বিভিন্ন পরিষেবা দেওয়ার জন্য বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হয়। আজ শিবিরের প্রথম দিনে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে ২ জন কৃষককে পাওয়ারটিলার, ২ জন কৃষককে পেডি উইডার, ৪ জন কৃষককে স্পেয়ার মেশিন দেওয়া হয়। তাছাড়া তপশিলিজাতি কল্যাণ দপ্তর থেকে ৪ জনকে বাইসাইকেল, প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে ৩৫ জন সুবিধাভোগীকে মোরগ পালনে সহায়তা দেওয়া হয়েছে। সুবিধাভোগীদের ১০টি করে মোরগ দেওয়া হয়।

\*\*\*\*\*